

এশিয়ায় নির্মিত ভিডিওগুলো আফ্রিকাতেও কার্যকর

ইমপ্যাক্ট
স্টাডি

২

‘সংস্কৃতি’ কতটা গুরুত্বপূর্ণ?

উঁচুদের কৃষিবিদগণ মনে করেন, কৃষক প্রশিক্ষণ ভিডিওগুলো কেবলই আঞ্চলিক পর্যায়ে ব্যবহারের জন্য কার্যকর। কারণ, তাদের ধারণা কৃষকগণ অন্য সংস্কৃতির কৃষকদের ভিডিও প্রত্যাখ্যান করবে। আসলেই এমনটা ঘটে কি না তা দেখার জন্য আমরা বাংলাদেশে নির্মিত ধানবীজের স্বাস্থ্য, বেনিন-এ নির্মিত ধান আধাসিদ্ধ করার প্রক্রিয়া এবং বুর্কিনা ফাসো-তে নির্মিত ধানচাষ পদ্ধতিবিশয়ক ১১টি ভিডিও নাইজেরিয়ার কৃষকদের দেখাই।

কৃষকেরা ব্যক্তি নয় বরং কৌশলের সমালোচনা করেছেন

কৃষকেরা অবশ্যই ভিডিওগুলির সমালোচনা করতে ইচ্ছুক ছিল। নাইজেরিয়ান কৃষকেরা পশ্চিম-আফ্রিকার ভিডিওগুলো যেমন পছন্দ করেছিল তেমনি বাংলাদেশে নির্মিত ভিডিওগুলোও পছন্দ করেছিল।

দক্ষিণ নাইজেরিয়ার কৃষকেরা তাদের প্রতিবেশী দেশ মালি-র ভিডিওগুলো নিয়ে সমালোচনা করেছে, অথচ বাংলাদেশের ভিডিওগুলো তারা পছন্দ করেছে। কারণ, মালি-র ভিডিওগুলোতে পশ্চিম-আফ্রিকার ছোটো ছোটো পাহাড়ের মাঝখানের নিচু জলাভূমিতে ধানচাষের পদ্ধতি নিয়ে তৈরি করা, যা তাদের জন্য কার্যকর নয়। কারণ, তাদের উঁচু ও শুকনো জমিতে ধানচাষ করতে হয়। আবার উত্তর নাইজেরিয়ার ‘কানো’ [Kano] প্রদেশের কৃষকেরা মালি-র ভিডিওগুলো পছন্দ করেছে। কারণ, ‘কানো’-র কৃষকেরাও মালি-র মতোই নিচু জমিতে ধানচাষ করে।

ভিডিওগুলোতে দেখানো কৌশলগুলোর প্রতি কৃষকেরা আগ্রহী ছিল। যেমন, ধান থেকে পাথর আলাদা করা এবং ধানের চারা রোপণ। তারা এমনকি ভিডিওতে দেখানো জমি পরিষ্কার করার ‘নিডানি’র দৈর্ঘ্য কতটা তার দিকে বেশি নজর দিচ্ছিল, ভিডিওর ধারাবর্ণনায় যার উল্লেখ ছিল না।

উপসংহার

কৃষকেরা ভিডিওতে দেখানো মানুষগুলোর গায়ের রং কেমন, তারা কেমন পোশাক পরে আছে, বা তাদের চুলের স্টাইল কেমন তা নিয়ে মোটেও আগ্রহী ছিল না। নাইজেরিয়ার কৃষকদের একমাত্র আগ্রহ ছিল ভিডিওগুলোতে দেখানো কৌশলগুলোর দিকে। এটা খুবই গুরুত্বপূর্ণ ও কার্যকর উপসংহার। কারণ, যেকোনো ভিডিও আরেকটা ভাষায় ‘ডাব’ বা কন্ঠ-অনুবাদ করা, নতুন করে ভিডিও নির্মাণের চেয়ে অনেক সাশ্রয়ী।



নাইজেরিয়ার কৃষকেরা বাংলাদেশের কৃষকদের উদ্ভাবিত বীজ সংরক্ষণের জন্য রং করা মাটির পাত্রের ভিডিওটি খুব পছন্দ করেছে



যেসব কৃষক উঁচু জমিতে ধান চাষ করে, তারা নিচু জমিতে ধানচাষ করার পদ্ধতির ভিডিও দেখতে চায় না, তা যে যে দেশেই নির্মিত হোক না কেন

যোগাযোগ: পল ভ্যান মেলে | paul@agroinsight.com

নিবন্ধটি উদ্ধৃত করতে :

Bentley, Jeffery W. & Paul Van Mele 2011 Sharing ideas between cultures with videos. *International Journal of Agricultural Sustainability* 9(1):258-263.



AGROinsight
communicating agriculture

সারসংক্ষেপ ও ছবি:
জেফ বেন্টলে